

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

বাংলাদেশ টেলিভিশন

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়

২২২০ তারিখ: ২৬/০৪/২৩

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	ড. সৈয়দা তাসমিনা আহমেদ মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	১১.০৪.২০২৩
সভার সময়	সকাল ১০.১৫ ঘটিকা
স্থান	মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় বিটিভির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ, ২০২২) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়।

০২। ঢাকা কেন্দ্রের জেনারেল ম্যানেজার সভায় জানান যে, স্টুডিওতে অনুষ্ঠান ধারণকালে অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত অনুষ্ঠান সহযোগী/কর্তব্য সহকারী নামে কতিপয় ব্যক্তি বিটিভি ঢাকা কেন্দ্রে প্রবেশ করে। অনুষ্ঠানে সহায়তার জন্য অনুষ্ঠান সহযোগীদেরকে শিল্পী সম্মানী কাঠামো অনুসরণে সম্মানী পরিশোধ করা হয়ে থাকে। অনুমোদিত কতজন অনুষ্ঠান সহযোগী কর্তব্যরত রয়েছে তাদের একটি তালিকা প্রণয়ন করা প্রয়োজন এবং অনুমোদিত অনুষ্ঠান সহযোগীদের নামে অস্থায়ী পাস ইস্যুর অনুরোধ জানান। সভায় অনুমোদিত অনুষ্ঠান সহযোগীদের নামে অস্থায়ী পাস ইস্যু এবং বিটিভি ঢাকা কেন্দ্রের শিল্পী এবং দর্শনার্থীদের জন্য অনলাইন গেইট পাস ইস্যু নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা হয়।

০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম:	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১.	বিটিভির জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২২-২৩ অর্থ বছরের ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করে অনুমোদন করা হয়। <u>সিদ্ধান্ত:</u> ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) এর অনুমোদিত অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২.	অনুমোদিত অনুষ্ঠান সহযোগী/কর্তব্য সহকারীর ভবনে প্রবেশের অস্থায়ী পাস ইস্যু	বিটিভি ঢাকা কেন্দ্রের অতিরিক্ত পরিচালক (প্রশাসন) জেনারেল ম্যানেজার এর পরামর্শ গ্রহণ করে শিল্পী সম্মানী কাঠামো অনুসরণপূর্বক অনুষ্ঠান সহযোগী/কর্তব্য সহকারী নামে যারা ঢাকা কেন্দ্রে প্রবেশ করে তাদের পরিচয় নিশ্চিত করে পাসের ব্যবস্থা গ্রহণ করবেন। একই সাথে অনুমোদিত অনুষ্ঠান সহযোগীদের মধ্যে কতজন কর্তব্যরত রয়েছে তা যাচাই করে তালিকা প্রণয়ন করবেন এবং সদর দপ্তরকে অবহিত করবেন।	জেনারেল ম্যানেজার ও অতিরিক্ত পরিচালক (প্রশাসন) ঢাকা কেন্দ্র
০৩.	অনলাইন গেইট পাস নিশ্চিতকরণ	বিটিভি ঢাকা কেন্দ্রের অতিরিক্ত পরিচালক (প্রশাসন) ঢাকা কেন্দ্রে আগত শিল্পী, কলাকুশেলী এবং দর্শনার্থী অনলাইন গেইট পাস ব্যতীত প্রবেশ করতে না পারে তা পর্যবেক্ষণ করবেন এবং মাসিক ভিত্তিতে প্রতিবেদন দাখিল করবেন।	জেনারেল ম্যানেজার ও অতিরিক্ত পরিচালক (প্রশাসন) ঢাকা কেন্দ্র

০৪। সভাপতি ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন, ২০২৩)-এর কার্যক্রম যথাসময়ে সম্পাদনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. সৈয়দা তাসমিনা আহমেদ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ১৫.৫৪.০০০০.০২১.২২.০০১.১৯.৩১১

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯

১২ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-মহাপরিচালক (সকল) বাংলাদেশ টেলিভিশন
- ২) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, বাংলাদেশ টেলিভিশন
- ৩) পরিচালক -----(সকল), বাংলাদেশ টেলিভিশন
- ৪) উপসচিব, প্রশাসন-৪ শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর, বাংলাদেশ টেলিভিশন-কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ
- ৭) প্রকল্প পরিচালক -----(সকল), বাংলাদেশ টেলিভিশন।
- ৮) অতিরিক্ত পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র।
- ৯) সহকারী পরিচালক (প্রশাসন-২ ও ৩), বাংলাদেশ টেলিভিশন, প্রধান কার্যালয়।
- ১০) কার্যালয় নথি।

1988/10/27
27/8/23
হুমায়ূন

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> পরোক্ষীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট	

27/8/23

মো: নাজিম উদ্দিন
সহকারী পরিচালক (প্রশাসন)

২৪৬৩